**Press Release**

**New Study Finds High Blood Pressure in Bangladesh Can Be Better Controlled for Less than US$10 per Hypertensive Patient per Year**

***Life-Saving Hypertension Control Pilot Program from Directorate General of Health Services, National Heart Foundation of Bangladesh Could Be Expanded Nationally***

27 July 2022 (DHAKA, BANGLADESH)—Life-saving care for high blood pressure, also known as hypertension—the leading preventable risk factor for heart disease, heart attacks, and strokes—could be expanded nationwide in Bangladesh for about US$9 per patient per year, according to a new study published in the British Medical Journal. The study findings were shared today (27 July 2022, Wednesday) during a Meet the Press event titled "Bangladesh Hypertension Control Initiatives" held at the Pan Pacific Sonargaon Hotel in the capital. The event was jointly organized by the NCDC Program of the Directorate General of Health Services (DGHS), PROGGA (Knowledge for Progress), the National Heart Foundation of Bangladesh (NHFB), Global Health Advocacy Incubator (GHAI), and Resolve to Save Lives.

Since 2018, Non-Communicable Disease Control Program (NCDC), Directorate General of Health Services (NCDC DGHS) of the Ministry of Health & Family Welfare and the National Heart Foundation of Bangladesh (NHFB) have collaborated with Resolve to Save Lives, a global health non-profit organization, to implement a program strengthening the detection, treatment and follow-up of high blood pressure in primary care. Expansion of the highly successful initial project would save lives in Bangladesh by preventing heart attacks, strokes, kidney failure and expensive hospitalizations for these conditions, and at an affordable cost.

“In Bangladesh, one out of every five adults has hypertension,” said Dr. Tom Frieden, President and CEO of Resolve to Save Lives and former Director of the U.S. Centers for Disease Control and Prevention. “Many lives can be saved—and heart attacks and strokes prevented—by investing in strengthening primary care services to provide blood pressure treatment to Bangladeshi adults.”

Although most people’s high blood pressure can be controlled with a simple medication regimen, of the estimated 22 million people with high blood pressure in Bangladesh, it is estimated that only 49% have been diagnosed, 35% are receiving treatment, and 14% have their blood pressure under control.

The hypertension control program from NCDC DGHS and NHFB has been successfully implemented in 51upazila health complexes, which offer hypertension care that aligns with the World Health Organizations’ HEARTS technical package. The program has so far registered 100,000 patients for treatment and has controlled blood pressure in 58% of patients in treatment.

“Thirty percent of deaths in Bangladesh are from heart disease, but less than 5% of Bangladesh’s health sector budget is allocated to addressing non-communicable diseases,” said National Professor Brig (Rtd.) Abdul Malik, Founder and President of the National Heart Foundation of Bangladesh. “There is an urgent need to improve control of high blood pressure, which the pilot program shows can be done at low cost through primary health care, even at the national level.”

The study, which used the HEARTS costing tool, an application designed to estimate annual hypertension control program costs, suggests that the HEARTS package would be even more affordable if there is more task-sharing among medical doctors and non-physicians and increased task sharing to allied health workers such as Community Health Care Providers, and further reduced by decreasing the unit cost of quality assured medications. Expanding the roles of nurses and other health care providers to support blood pressure management could save money and make providing treatment more feasible nationally and more accessible to patients. The study was conducted with funding from Bloomberg Philanthropies.

"The hypertension control program piloted by NCDC DGHS, and the National Heart Foundation, in collaboration with Resolve to Save Lives, is succeeding by incorporating the principles of task-sharing and team-based care," said Professor Md Robed Amin, Line Director, Non-Communicable Disease Control Program, Directorate General of Health Services. "In the span of two years, the program has registered more than 100,000 patients—averaging more than 4,000 new patients a month—with a 58% blood pressure control rate, almost fourfold the national average."

The hypertension control program uses global best practices, including: simple treatment protocols with specific medications, dosages and action steps for hypertension treatment to streamline care and improve adherence; team-based care and task-sharing; regular, uninterrupted access to affordable and good quality medications; patient-centered care, such as easy-to-take medication regimens, free medications and follow-up visits; and effective health information technology to help determine how hypertension patients are doing and catalyze rapid improvements in the quality of care.

The burden of hypertension in Bangladesh is expected to grow in the coming years due to an aging population, rapid urbanization, increases in sedentary lifestyle, processed food consumption, and other socioeconomic and lifestyle factors. Expansion of the Bangladesh Hypertension Control Initiative could save many lives, and at a cost the country can afford.

Read the full study here: https://bmjopen.bmj.com/content/12/6/e061467.full?ijkey=J5fwZ03AqPfFDwo&keytype=ref

###

**About Resolve to Save Lives**

Resolve to Save Lives is a not-for-profit organization partnering with countries, communities and organizations to prevent 100 million deaths from cardiovascular disease and make the world safer from epidemics. To find out more, visit: https://www.resolvetosavelives.org or Twitter @ResolveTSL.

**About the National Heart Foundation of Bangladesh**

National Heart Foundation of Bangladesh (NHFB) is a non-government, non-profit organization. National Heart Foundation Hospital and Research Institute (NHFH&RI) is a project of NHFB. It runs a 450-bed cardiac hospital with all modern treatment facilities. It runs post graduate courses for physicians. There are 40 affiliated bodies of NHFB in different districts of Bangladesh. Awareness programs and heart camps are usually done in collaboration with the affiliated bodies throughout

the country. A hypertension clinic has been running in the hospital since 2010. It works closely with the government for controlling and preventing hypertension as well as development of national guidelines of hypertension management. To find out more, visit: https://www.nhf.org.bd

**Media Contacts:**
**Professor Dr Sohel Reza Choudhury,** Head, Department of Epidemiology and Research, National Heart Foundation Hospital & Research Institute
+8801713037254
sohel_r_choudhury@hotmail.com

**Steven Chlapecka,** Senior Media Strategist, Resolve to Save Lives, schlapecka@resolvetosavelives.org, +1.917.623.0246.
General press inquiries, press@resolvetosavelives.org

**Hasan Shahriar,** Head of Programs, PROGGA (Knowledge for Progress)
+8801711309173
progga.cvd@gmail.com

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# রোগী প্রতি দশ ডলারেরও কমে সম্ভব উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ:
## ব্রিটিশ মেডিকেল জার্নালে প্রকাশিত নতুন গবেষণা

***উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে স্বাস্থ্য অধিদপ্তর ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের পরীক্ষামূলক প্রকল্পটি দেশব্যাপী বাস্তবায়ন করা যেতে পারে***

২৭ জুলাই ২০২২ (ঢাকা, বাংলাদেশ) - রোগী প্রতি বছরে মাত্র ৯ ডলার খরচ করেই দেশব্যাপী দেয়া সম্ভব উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশনের মানসম্মত চিকিৎসা। হৃদরোগ, স্ট্রোক এবং হার্টঅ্যাটাক ঝুঁকির প্রধান কারণ উচ্চ রক্তচাপ, যা প্রতিরোধযোগ্য। ব্রিটিশ মেডিকেল জার্নালে প্রকাশিত এক নতুন গবেষণায় এসব তথ্য উঠে এসেছে। আজ ২৭ জুলাই ২০২২, বুধবার রাজধানীর প্যান পাসিফিক সোনারগাঁ হোটেলে 'বাংলাদেশ হাইপারটেনশন কন্ট্রোল ইনিশিয়েটিভস' শীর্ষক মিট দ্য প্রেস অনুষ্ঠানে এসব তথ্য তুলে ধরা হয়। অনুষ্ঠানটি আয়োজন করে স্বাস্থ্য অধিদপ্তরের অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ (এনসিডিসি) প্রোগ্রাম, প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান), ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ, গ্লোবাল হেলথ অ্যাডভোকেসি ইনকিউবেটর (জিএইচএআই) এবং রিজলভ টু সেভ লাইভস।

বৈশ্বিক জনস্বাস্থ্য বিষয়ক অলাভজনক সংস্থা রিজলভ টু সেভ লাইভস-এর সহযোগিতায় ২০১৮ সাল থেকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অধিদপ্তর-এর অধীনে অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি (এনসিডিসি) এবং ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ (এনএইচএফবি) যৌথভাবে একটি প্রকল্প বাস্তবায়ন করছে, যার উদ্দেশ্য প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রে উচ্চ রক্তচাপ সনাক্ত করা, চিকিৎসা প্রদান এবং ফলোআপ কার্যক্রম শক্তিশালী করা। অত্যন্ত সফল এই প্রাথমিক প্রকল্পটি আরো সম্প্রসারণ করা হলে দেশে স্বল্প খরচেই হার্ট অ্যাটাক, স্ট্রোক, কিডনি বিকল হওয়ার মত ব্যয়বহুল রোগ প্রতিরোধের মাধ্যমে অসংখ্য জীবন বাঁচানো যাবে।

রিজলভ টু সেভ লাইভস-এর প্রেসিডেন্ট ও সিইও এবং যুক্তরাষ্ট্রের সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি) এর প্রাক্তন পরিচালক ডা. টম ফ্রিইডেন অনুষ্ঠানে বলেন, "বাংলাদেশে প্রতি পাঁচজন প্রাপ্তবয়স্কের মধ্যে একজনের উচ্চ রক্তচাপ রয়েছে"। তিনি আরো বলেন, "বাংলাদেশে প্রাপ্তবয়স্কদের উচ্চ রক্তচাপজনিত চিকিৎসা প্রদানের জন্য সরকারের প্রাথমিক স্বাস্থ্যসেবা শক্তিশালী করার পদক্ষেপ গ্রহণ করা হলে অসংখ্য জীবন বাঁচানোসহ হার্ট অ্যাটাক ও স্ট্রোক প্রতিরোধ করা সম্ভব হবে।"

সাধারণ ওষুধের মাধ্যমে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ সম্ভব হলেও, বাংলাদেশে উচ্চ রক্তচাপে আক্রান্ত প্রায় ২ কোটি ২০ লক্ষ মানুষের মধ্যে মাত্র ৪৯ শতাংশের উচ্চ রক্তচাপ শনাক্ত করা সম্ভব হয়েছে, মাত্র ৩৫ শতাংশ চিকিৎসা সেবা গ্রহণ করছেন, এবং ১৪ শতাংশ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে পেরেছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের এনসিডিসি এবং ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের যৌথ পরিচালনায় উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ কর্মসূচি এরই মধ্যে দেশের ৫১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। এই কর্মসূচির আওতায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার হার্টস টেকনিক্যাল প্যাকেজ-এর সাথে সামঞ্জস্য রেখে রোগীদের উচ্চ রক্তচাপ সেবা প্রদান করা হচ্ছে। কর্মসূচির আওতায় চিকিৎসার জন্য এ পর্যন্ত নিবন্ধিত ১ লাখ রোগীর মধ্যে ৫৮ শতাংশই উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে সক্ষম হয়েছেন।

ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অফ বাংলাদেশ এর প্রতিষ্ঠাতা ও সভাপতি জাতীয় অধ্যাপক ব্রিগেডিয়ার (অব.) আব্দুল মালিক বলেন, "বাংলাদেশে মোট মৃত্যুর ত্রিশ শতাংশই ঘটে হৃদরোগের কারণে। অথচ স্বাস্থ্য খাতের বাজেটের ৫ শতাংশেরও কম বরাদ্দ রাখা হয় অসংক্রামক রোগের চিকিৎসার জন্য। দেশে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নতিসাধন অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। পাইলট প্রোগ্রামটির মাধ্যমে দেখা গেছে, কিভাবে অল্প খরচে প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্রের মাধ্যমে দেশব্যাপী এমনকি জাতীয় পর্যায়েও উচ্চ রক্তচাপ চিকিৎসা সম্ভব"।

উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ কর্মসূচির বার্ষিক বাস্তবায়ন খরচ নির্ণয়ে ব্যবহৃত হার্টস কস্টিং টুল নামের একটি অ্যাপ্লিকেশন ব্যবহার করে এই গবেষণায় সুপারিশ করা হয়েছে যে, ডাক্তার এবং এই সেবার সাথে জড়িত অন্যান্যদের মধ্যে দায়িত্ব ভাগাভাগি (টাস্ক-শেয়ারিং) নিশ্চিত করা, টাস্ক-শেয়ারিং এর মাধ্যমে পুরো প্রক্রিয়ায় স্থানীয় কমিউনিটি স্বাস্থ্যকর্মীদের আরো বেশি সম্পৃক্ত করা, এবং গুণগত মান ঠিক রেখে প্রতি ইউনিট ওষুধের দাম আরো কমিয়ে আনা গেলে হার্টস প্যাকেজ বাস্তবায়ন আরো বেশি সাশ্রয়ী হবে। রক্তচাপ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনায় নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের ভূমিকা আরো বাড়ানো হলে বিপুল অর্থ সাশ্রয় করা সম্ভব। এবং, একইসাথে এই সেবা দেশজুড়ে আরো বেশি বাস্তবায়নযোগ্য এবং রোগীদের জন্য সহজপ্রাপ্য করে তোলা সম্ভব হবে। উল্লেখ্য, এই গবেষণাটি ব্লুমবার্গ ফিলানথ্রপিসের অর্থায়নে পরিচালিত হয়েছে।

"রিজলভ টু সেভ লাইভস-এর সহযোগিতায় স্বাস্থ্য অধিদপ্তরের এনসিডিসি এবং ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন দ্বারা পরিচালিত উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ কর্মসূচিটি ইতিমধ্যে টাস্ক-শেয়ারিং এবং টিম-ভিত্তিক সেবা প্রদানের নীতিমালা অন্তর্ভুক্ত করে সফলতার মুখ দেখছে," বলে মন্তব্য করেন অধ্যাপক ডা. মো. রোবেদ আমিন, লাইন ডিরেক্টর, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি, স্বাস্থ্য সেবা অধিদপ্তর। "দুই বছরের ব্যবধানে ১ লাখেরও বেশি রোগী নিবন্ধন করেছে - অর্থাৎ মাসে গড়ে চার হাজারেরও বেশি নতুন রোগী নিবন্ধিত হয়েছে। সেবা গ্রহণকারীদের ৫৮ শতাংশই রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে সফল হয়েছেন। সাফল্যের এই হার জাতীয় গড়ের প্রায় চারগুণ।"

বাংলাদেশে উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণের এই কর্মসূচিটি বিশ্বে প্রচলিত সর্বোত্তম পদক্ষেপসমূহ অনুসরণ করে সাজানো হয়েছে। যার মধ্যে রয়েছে, সেবা প্রদান এবং সেবা গ্রহণের ধারবাহিকতা ঠিক রাখতে উচ্চ রক্তচাপ চিকিৎসায় সহজ ট্রিটমেন্ট প্রোটোকল এর সাথে সুনির্দিষ্ট ওষুধ, প্রয়োগ মাত্রা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা; টিম ভিত্তিক সেবা প্রদান এবং টাস্ক শেয়ারিং; সাশ্রয়ী মূল্যের এবং ভাল মানের ওষুধ সরবরাহ চালু রাখা; রোগী-কেন্দ্রিক সেবা প্রদান যেমন, সহজে গ্রহণ করা যায় এমন ওষুধের ব্যবস্থা, বিনামূল্যে ওষুধ প্রদান ও নিয়মিত ফলো-আপ করা; এবং কার্যকরী স্বাস্থ্য তথ্য প্রযুক্তির মাধ্যমে উচ্চ রক্তচাপের রোগীদের খোঁজ রাখা এবং সেবার মানের দ্রুত উন্নতি সাধন করা।

বয়স্ক জনসংখ্যা বৃদ্ধি, দ্রুত নগরায়ন, শারীরিক পরিশ্রম অত্যন্ত কম এমন জীবনাচরণ, প্রক্রিয়াজাত খাদ্য গ্রহণ, এবং অন্যান্য আর্থ-সামাজিক ও জীবনযাত্রা সম্পর্কিত বিভিন্ন কারণে বাংলাদেশে উচ্চ রক্তচাপের বোঝা আগামী বছরগুলোতে বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে। বাংলাদেশে এই উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ প্রকল্পটি সম্প্রসারণ করা হলে অল্প ব্যয়ে অনেক জীবন বাঁচানো সম্ভব হবে।

সম্পূর্ণ গবেষণা/সমীক্ষা টি পড়তে এখানে ক্লিক করুন:
https://bmjopen.bmj.com/content/12/6/e061467.full?ijkey=J5fwZ03AqPfFDwo&keytype=ref

###

**রিজলভ টু সেভ লাইভস সম্পর্কে**
রিজলভ টু সেভ লাইভস একটি অলাভজনক সংস্থা যার লক্ষ্য হচ্ছে দেশ, সম্প্রদায় এবং সংস্থাসমূহের সাথে অংশীদারিত্বের মাধ্যমে ১০০ মিলিয়ন হৃদরোগজনিত মৃত্যু প্রতিরোধ করা এবং বিশ্বকে মহামারী থেকে নিরাপদ করে তোলা। সংস্থাটি সম্পর্কে আরও বিস্তারিত জানতে ভিজিট করুন: https://www.resolvetosavelives.org এবং টুইটারে দেখুন Twitter @ResolveTSL ।

**ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ সম্পর্কে**
ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ (এনএইচএফবি) একটি বেসরকারি, অলাভজনক সংস্থা। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট এই সংস্থার অধীনে পরিচালিত একটি প্রকল্প। সংস্থাটি ৪৫০ শয্যা বিশিষ্ট হৃদরোগের আধুনিক চিকিৎসা সুবিধাসহ একটি হাসপাতাল পরিচালনা করছে। পাশাপাশি এখানে চিকিৎসকদের জন্য স্নাতকোত্তর কোর্সও পরিচালনা করা হয়। বিভিন্ন জেলায় ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের ৪০টি অধিভুক্ত অঙ্গসংগঠন রয়েছে। এসব সংগঠনের মাধ্যমে সারা দেশে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি এবং হার্ট ক্যাম্প পরিচালনা করা হয়। হাসপাতালটিতে ২০১০ সাল থেকে একটি উচ্চ রক্তচাপ ক্লিনিক পরিচালিত হচ্ছে। সংস্থাটি উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের পাশাপাশি এই রোগ ব্যবস্থাপনার জাতীয় নির্দেশিকা তৈরির জন্য সরকারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে। আরও জানতে ভিজিট করুন: https://www.nhf.org.bd

**মিডিয়া কন্টাক্ট:**

**অধ্যাপক ডা. সোহেল রেজা চৌধুরী**, বিভাগীয় প্রধান, ডিপার্টমেন্ট অব ইপিডেমিওলজি অ্যান্ড রিসার্চ, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট

+8801713037254
sohel_r_choudhury@hotmail.com

**স্টিভেন ক্ল্যাপেকা,** সিনিয়র মিডিয়া স্ট্র্যাটেজিস্ট, রিসোলভ টু সেভ লাইভস,
schlapecka@resolvetosavelives.org , +1.917.623.0246।
সাধারণ প্রেস অনুসন্ধান, press@resolvetosavelives.org

**হাসান শাহরিয়ার**, হেড অফ প্রোগ্রামস, প্রজ্ঞা (প্রগতির জন্য জ্ঞান)
+8801711309173
progga.cvd@gmail.com

বার্তা প্রেরক,
মাহমুদ আল ইসলাম শিহাব
প্রজেক্ট কোঅর্ডিনেটর,
ট্রান্সফ্যাট এলিমিনেশন অ্যান্ড হাইপারটেনশন কন্ট্রোল প্রজেক্ট, প্রজ্ঞা।
মোবাইল: 01717473599, 01711309173
টেলিফোন: 48033119